# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**14 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্যের নতুনভাবে শপথ গ্রহণ করা রাজ্যের ৪ জন মন্ত্রীকে বিভিন্ন বিভাগের দায়িত্বভার অর্পন ।

২) দেশে খনিজ তেল , রন্ধন গ্যাস ও প্রাকৃতিক গ্যাস পর্যাপ্ত পরিমানে মজুদ রাখার বিষয়টি নিশ্চিত করতে সরকারের যাবতীয় ব্যবস্থা গ্রহণ ।

৩) কংগ্রেসের ভি ডি সাথিসানকে কেরলমের নতুন মুখ্যমন্ত্রী হিসেবে ঘোষণা ।

এবং

৪) কাছাড় পুলিশের গুলিতে নিষিদ্ধ ঘোষিত উগ্রপন্থী সংগঠন ইউনাইটেড কুকি লিবারেশন আর্মীর সদস্য তথা ড্রাগস মাফিয়া সাইলেন ডংগল নিহত ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য আজ নতুনভাবে শপথ গ্রহণ করা রাজ্যের ৪ জন মন্ত্রীকে আজ বিভিন্ন বিভাগের দায়িত্বভার অর্পন করেছেন । এই অনুসারে রামেশ্বর তেলীকে রূপান্তর ও উন্নয়ন , শ্রম কল্যাণ , চা-জনগোষ্ঠী এবং আদিবাসী কল্যাণ বিভাগ । অতুল বরাকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন , আসাম চুক্তি রূপায়ন , সীমান্ত সুরক্ষা এবং উন্নয়ন তথা আবগারী বিভাগের দায়িত্বভার অর্পন করা হয়েছে । একই ভাবে মন্ত্রী চরণ বড়োকে পরিবহণ , বড়োল্যান্ড কল্যাণ বিভাগ ও অজন্তা নেওয়গকে মহিলা ও শিশু বিকাশ সহ পর্যটন বিভাগের দায়িত্ব প্রদান করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

দেশে খনিজ তেল , রন্ধন গ্যাস ও প্রাকৃতিক গ্যাস পর্যাপ্ত পরিমানে মজুদ রাখার বিষয়টি নিশ্চিত করতে সরকার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । পশ্চিম এশিয়ার

সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে নতুন দিল্লীতে অনুষ্ঠিত একটি আন্ত:মন্ত্রনালয় পর্যায়ের সাংবাদিক সম্মেলনে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রনালয়ের যুগ্ম সচিব সুজাতা শর্মা এ কথা জানিয়েছেন

এদিকে , দেশে ৬৯ দিনের জন্য অপরিশোধিত তেল এবং ৪৫ দিনের রন্ধন গ্যাস মজুত রয়েছে বলে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরী প্রকাশ করেছেন । ইন্ধন সরবরাহের ক্ষেত্রে এ পর্যন্ত কোন ধরণের কোন সমস্যা হয়নি বলে উল্লেখ করে তিনি জনসাধারণকে আতঙ্কিত না হওয়ার আহ্বান জানিয়েছেন । পশ্চিম এশিয়ার সংঘাতের পরিপ্রেক্ষিতে বিশ্বব্যাপী ইন্ধনের সঙ্কট নিয়ে সৃষ্টি হওয়া পরিস্থিতির মধ্যে শ্রী পুরী এই আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে দেশে রান্নার গ্যাসের উৎপাদন বৃদ্ধি করার ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইন্ধন এবং অন্যান্য সামগ্রীর ব্যবহারের ক্ষেত্রে সংযম রাখার যে আহ্বান জানিয়েছেন তা সতর্কবার্তা হিসেবে গ্রহণ করতে তিনি জনসাধারণকে পরামর্শ প্রদান করেছেন ।

সাম্প্রতিক পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জানানো ৭টি আহ্বানকে স্বাগত জানিয়ে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ কৃষি ও গ্রামোন্নয়ন বিভাগের সঙ্গে অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রনালয় ও বিভাগ সমূহের আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন । বৈঠকের পর এক সাংবাদিক সম্মেলনে শ্রী চৌহান বলেন যে মন্ত্রী পর্যায়ে আগামী এক বছরের জন্য কোন ধরণের স্বর্ণ-অলঙ্কার ক্রয় না করার সিদ্ধান্ত সহ বিদেশ ভ্রমন থেকে বিরত থাকার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী মিতব্যায়ীভাবে খাওয়া দাওয়া , খনিজ তেল এবং সাধ্যানুসারে সরকারী পরিবহণের ওপর গুরুত্ব আরোপ করেন । প্রসঙ্গত তিনি কৃষক সমাজের মধ্যে সারের বিজ্ঞান সম্মত ব্যবহারের ক্ষেত্রে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে কৃষি মন্ত্রনালয় সমগ্র দেশে গ্রাম পঞ্চায়েত পর্যায়ে অভিযান শুরু করেছে বলে জানান ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিদেশী মুদ্রা সঞ্চয়ের জন্য আহ্বান জানানোর পর আসাম সরকারও একগুচ্ছ ব্যায় সংকোচনের ব্যবস্থা গ্রহণ করার কথা ঘোষণা করেছে । এই অনুসারে চিকিৎসাজনিত কারণ ছাড়া অন্য কোন কারণে পরবর্তী ৬ মাসের জন্য সরকারী আধিকারিক ও কর্মচারীদের বিদেশ ভ্রমণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে । সরকারী এবং ব্যাক্তিগত উভয় ক্ষেত্রে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে এই বাধা প্রযোজ্য হবে । রাজ্য সরকার পরবর্তী ৬ মাসের জন্য কোন ধরণের বিদেশী সামগ্রী ক্রয় করবে না । তবে রাজ্যের জনসাধারণের জন্য এই বিধি নিষেধ কার্যকর হবে না । সরকার এই সময়কালে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে আলোচনাচক্র , কর্মশালা ইত্যাদি অনুষ্ঠিত

করবে । সরকারী বিভাগ এবং বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে ব্যবহার করার জন্য যান-বাহন ভাড়া করতে হলে শুধুমাত্র বৈদ্যুতিক যান-বাহন ভাড়া করতে হবে । এছাড়াও , ১৫ বছরের বেশী পুরনো পেট্রোল ও ডিজেল চালিত যান-বাহন নিষিদ্ধ করার প্রক্রিয়াও তরান্বিত করা হবে বলে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন ত্রিপুরা , মনিপুর , মেঘালয় , মিজোরাম , নাগাল্যান্ড , অরুণাচল প্রদেশ ও সিকিম সহ মোট ১৬টি রাজ্য ও ৩টি কেন্দ্রীয় শাসিত অঞ্চলে পর্যায়ক্রমে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া ( এস আই আর ) তৃতীয় পর্ব শুরু করার কথা ঘোষণা করেছে । উত্তর পূর্বাঞ্চলের এই ৭টি রাজ্য ছড়াও অন্যান্য যেসব রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলে এই এস আই আর প্রক্রিয়া শুরু হবে সেগুলো হলো অন্ধ্র প্রদেশ , হরিয়ানা , ঝারখন্ড , কর্ণাটক , মহারাষ্ট্র , উত্তরাখন্ড , তেলেঙ্গানা পাঞ্জাব , ওড়িষ্যা , দিল্লী , চন্ডিগড় , দামন ও দিউ । সমগ্র দেশে চূড়ান্ত এবং শুদ্ধ ভোটার তালিকা প্রস্তুত করার লক্ষেই এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসামের পুলিশ সুপার অধিক্ষক বার্ডি বড়ো আষ্ট্রেলিয়ার পার্থে অনুষ্ঠেয় বিশ্ব পুলিশ এন্ড ফায়ার গেমসে সমগ্র দেশকে নেতৃত্ব দেওয়ার যোগ্যতা অর্জন করেছেন । বার্ড উত্তর প্রদেশের লক্ষ্ণৌতে অনুষ্ঠিত দ্বিতীয় সর্বভারতীয় পুলিশ গেমস টেবিল টেনিসে দ্বিমুকুট দখল করে এই সুযোগ লাভ করেছেন । বার্ড গতকাল ওপেন সিঙ্গেলস এ পর পর তৃতীয়বার স্বর্ণ পদক লাভ করতে সক্ষম হয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় ডোনার মন্ত্রী জ্যতিরাদিত্য সিন্ধিয়া তিন দিনের সফর সূচি নিয়ে সিকিম পৌঁছেছেন । শ্রী সিন্ধিয়া আগামীকাল টেমি টার্কুতে অবস্থিত সিকিম রাজ্য বিশ্ববিদ্যালয় পরিদর্শন করবেন । একই সঙ্গে তিনি প্রস্তাবিত নামচি পর্যটন স্থল , পি এম ডিভাইন প্রকল্পের অধীনে ভালডুঙ্গা অঞ্চলে নির্মীয়মান স্কাইওয়াক প্রকল্পটিও পরিদর্শন করবেন । আগামী শনিবার তিনি নাথুলা সফরে যাবেন এবং কৈলাশ মানসরোবরে যাত্রার জন্য পর্যটকদের পরিকাঠামো নির্মান প্রকল্পটি সম্পর্কে পর্যালোচনা করবেন । কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিন্ধিয়া সিকিমের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানেও অংশ গ্রহণ করবেন । এই অনুষ্ঠানে উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণও অংশ গ্রহণ করে কেন্দ্রীয় উত্তর-পূর্ব উন্নয়ন দপ্তরের অধীনে বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করবেন ।

---------------------------------------------------------------------------------------

গত  ১০ দিন থেকে অব্যাহত থাকা অনিশ্চয়তা ও উত্তেজনার অবসানের পর কংগ্রেস আজ ভিডি সাথীচানকে কেরলমের নতুন মুখ্যমন্ত্রী হিসেবে ঘোষনা করে । নতুনদিল্লীতে আজ এক সাবাদিক সম্মেলনে কংগ্রেস নেতা অজয় মাকেন  , মুকুল ওয়াসনিক ও দীপিকা দাসমুন্সি একথা ঘোষনা করেন । মুখ্যমন্ত্রীর নাম ঘোষনার পর কংগ্রেস নেতৃত্বাধীন ইউ ডি এফ রাজ্যে সরকার গঠনের প্রক্রিয়া শুরু করেছে । উল্লেখ্য কেরলমের বিধানসভা নির্বাচনে এবার ইউ ডি এফ দুই তৃতীয়াংশের ও বেশী সংখ্যাগরিষ্ঠতায় জয়লাভ করেছে যদি ও বিভিন্ন শিবিরের লবী তথা তৃণমূল পর্যায়ে কর্মীদের প্রতিবাদের পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রীর নাম ঘোষনার সিদ্ধান্ত নিতে বিলম্ব হয় ।

------------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশের গুলিতে নিষিদ্ধ ঘোষিত উগ্রপন্থী সংগঠন ইউনাইটেড কুকি লিবারেশন আর্মির সদস্য তথা ড্রাগস মাফিয়া সাইলেন ডংগল নিহত হয়েছে । আসাম-মণিপুর সীমান্ত অঞ্চলের জিরিঘাটে ড্রাগস মাফিয়াকে লক্ষ্য করে গুলি চালালে সাইলেন ডংগলের মৃত্যু হয়। এ ঘটনায় নবজিৎ তাঁতি ও সন্তোষ বিশ্বাস নামের দু জন পুলিশ কর্মী গুরুতর আহত হয়েছেন । জেলার প্রবীন পুলিশ সুপার সঞ্জীব শইকিয়া জানিয়েছেন যে কয়েক দিন পূর্বে জিরিঘাট অঞ্চলে ড্রাগস চক্রের গুলি চালানোয় পুলিশ জোয়ান শরীফ হোসেন গুরুতরভাবে আহত হয়েছিলেন । সেই ঘটনার পর পুলিশ অঞ্চলটিতে তীব্র তল্লাসি ও অভিযান শুরু করে  । অভিযানে গতকাল রাতে জিরিঘাটের বোমা পুঞ্জী এলাকায় সাইলেন ডংগলের মৃত্যু হয়েছে । এ বিষয়ে জেলার পুলিশ সুপার শ্রী শইকিয়া আরো জানিয়েছেন-----

বাইট

------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে রাজ্যেশ্বরপুর সপ্তম খন্ডে বিশেষ অভিযান চালিয়ে একটি স্কুটি থেকে ১০ গ্রাম হেরোইন বাজেয়াপ্ত করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে স্কুটির সিটের স্টোরেজ কর্ম্পাটমেন্টের নীচে অতি কৌশলে হেরোইন লুকানো ছিল । পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অপরাধে হাবিজুর রহমান এবং দিলওয়ার হোসেন লস্কর নামের দুজন ব্যাক্তিকে আটক করেছে । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি পুলিশ গতকাল গভীর রাতে শ্রীভূমি শহরের সুভাষ নগর এলাকায় অভিযান চালিয়ে বিপুল পরিমান নেশা জাতীয় সামগ্রী উদ্ধার করেছে । গোপন সূত্রের খবরের

ভিত্তিতে পুলিশ অভিযান চালিয়ে পাঁচটি কার্টুন থেকে পাঁচশ বোতল কফ শিরাফ উদ্ধার করে । ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ এক ব্যাক্তিকে আটক করে তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------

আসাম সরকারের ভাষিক সংখ্যালঘু উন্নয়ন বোর্ডের উদ্যোগে আগামী পয়লা জুন শ্রীভূমির সরস্বতী বিদ্যানিকেতনে জেলা ভিত্তিক রবীন্দ্র নৃত্য ও রবীন্দ্র সঙ্গীত প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে যে প্রতিযোগীতাটি দুটি বিভাগে অনুষ্ঠিত হবে । প্রথম বিভাগে থাকবে রবীন্দ্র সঙ্গীত এবং দ্বিতীয় বিভাগে থাকবে রবীন্দ্র নৃত্য । উভয় বিভাগের জন্য তিনটি বয়সভিত্তিক গ্রুপ নির্ধারন করা হয়েছে । উল্লেখ্য নবীন প্রজন্মের মধ্যে রবীন্দ্রনাথের ওপর সাংস্কৃতির চর্চা ও সাংস্কৃতিক প্রতিভার বিকাশ ঘটাতেই এই উদ্যোগ গ্রহন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আসন্ন বর্ষার মরশুমকে সামনে রেখে ব্যাপক প্রস্তুতি গ্রহন করা হচ্ছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে গতকাল এ উপলক্ষ্যে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় সম্ভাব্য বন্যা পরিস্থিতি মোকাবিলায় বিভিন্ন প্রতিরোধমূলক পদক্ষেপ , ত্রান সামগ্রীর পর্য্যাপ্ত মজুত , উদ্ধার কার্যসূচী এবং বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় রক্ষার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত শ্রীজৈন বন্যার সময় সাধারন মানুষের জীবন ও সম্পত্তি রক্ষায় আগাম নজরদারী জোরদার করা ও প্রয়োজনীয় সরঞ্জাম প্রস্তুত রাখতে নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------